

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, সাভার, ঢাকা।
bksp.portal.gov.bd

স্মারক নং ৩৪.০৪.০২০০.০০১.০০.০১৪.১৮-৬৬৬

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব অলিপ কুমার বিশ্বাস, সহকারী পরিচালক, প্রশাসন (সাময়িক বরখাস্ত) বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকায় কর্মরত আছেন।

যেহেতু, গত ২১/১০/২০১৭ তারিখে “দৈনিক প্রথম আলো” পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস, ছাত্রলীগ নেতাসহ আটক ১৫ শিরোনামে আপনার নাম প্রকাশিত হয়েছে।

যেহেতু, আপনার বিরুদ্ধে গত ২৪/১০/২০১৭ তারিখে “দৈনিক প্রথম আলো” পত্রিকায় পুলিশ বলেছে যে, প্রশ্নপত্র জালিয়াত চক্রের হোতা অলিপ বিশ্বাস। বিকেএসপির এই সহকারী পরিচালক ইলেকট্রনিক্স ডিভাইস সরবরাহ করতেন।

যেহেতু, পুলিশ পরিদর্শক, অর্গানাইজড ক্রাইম, বাংলাদেশ পুলিশ (সিআইডি) মালিবাগ, ঢাকা কর্তৃক ২০/১০/২০১৭ তারিখে স্বাক্ষরিত পত্রমূলে আপনার বিরুদ্ধে ঢাকার শাহবাগ থানায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন/২০০৬ এর ৬৩ ধারাসহ পাবলিক এক্সজামিনেস (অপরাধ) আইন/১৯৮০ এর (১)এর (খ) ধারায় “এজাহার দায়ের” করে তার অনুলিপি বিকেএসপি কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করেছেন।

যেহেতু, আপনি গত ২৬/১০/২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অদ্যাবধি অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনি গত ২৯/১০/২০১৭ তারিখ থেকে ৯/১১/২০১৭ তারিখ পর্যন্ত ছুটির আবেদন করেন যা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়নি।

যেহেতু, আপনি গত ১২/১১/২০১৭ তারিখ হতে ১১/১২/২০১৭ তারিখ পর্যন্ত চিকিৎসার জন্য কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ছুটির আবেদন করেও কর্তৃপক্ষের সাথে যোগাযোগ বন্ধ রেখেছেন।

যেহেতু, গত ১২/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত বিকেএসপির বোর্ড অব গভর্নরসের ৩০তম সভায় আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

যেহেতু, সার্বিক পরিস্থিতি পর্যালোচনান্তে বিকেএসপি চাকুরী প্রবিধানমালা ২০১০ এর ৪৪(১)ধারা মোতাবেক গত ২০/১১/২০১৭ তারিখে আপনাকে চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

যেহেতু, সরকারী চাকুরি বিধি (ED(Reg-VI)/S-93-/79-87(500), তারিখ: ২/৯/১০৮০) মোতাবেক সাময়িক বরখাস্তকালীন অবস্থায় কর্মস্থলে অবস্থান করার আবশ্যিকতা রয়েছে এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত অন্যত্র গমন করা বিধি বাহিঁত। তা সত্ত্বেও কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত আপনি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, স্মারক নং ৩৪.০৪.০২০০.০০১.০০.০০০(পিএফ).৬-৪৬, তারিখ : ১৭/১/২০১৮ এর মাধ্যমে আপনার বিরুদ্ধে অভিযোগনামা (অভিযোগ বিবরণীসহ) আনয়ন করে আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। কিন্তু প্রাপক খুজিয়া না পাওয়ায় অভিযোগনামা সম্বলিত পত্রটি ৩১/০১/২০১৮ তারিখে অত্র প্রতিষ্ঠানে ফেরত আসে।

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য গত ৬/২/২০১৮ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে আপনাকে দোষী সাব্যস্ত করেছেন।

সেহেতু, বিকেএসপি চাকুরী প্রবিধানমালা ২০১০ এর ৩৮(ক), (খ) ও (গ) ধারা মোতাবেক আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করা হল এবং উক্ত প্রবিধানমালার ৩৯ (খ) ধারা মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হবে না, তার লিখিত জবাব এই পত্র জারীর ৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে লিখিতভাবে পেশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও জবাবপত্রে উল্লেখ করতে বলা হল।

মোঃ সামছুর রহমান, বিজিবিএম, পিবিজিএম,
এনডিপি, এএফডব্লিউপি, পিএসপি

ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।

প্রাপক : জনাব অলিপ কুমার বিশ্বাস
(সহকারী পরিচালক, প্রশাসন,
সাময়িক বরখাস্ত, বিকেএসপি)
গ্রাম - পুষআমলা
ডাকঘর-সমাধিনগর
থানা-বালিয়াকান্দি
জেলা-রাজবাড়ী।